


# ডবিষ্যৎ মানব বিবর্তন

জাহিদ রাসেল

jahid\_humanist@yahoo.com



লন্ডন স্কুল অব ইকোনমিক্সের অধীন, Darwin@LSE রিসার্চ সেন্টারের ডঃ ওলিভার ক্যারি (Dr. Oliver Curry) টিভি চ্যানেল “ব্রেভো” এর সহযোগীতায় আগামী ১০০০, ১০০০০ ও ১০০০০০ বছরে মানুষের সম্ভাব্য বিবর্তনের উপর এক গবেষণা পরিচালনা করেন। গত সাপ্তাহে প্রকাশিত উক্ত গবেষণাপত্রে তিনি মানুষের ভবিষ্যত বিবর্তন সম্পর্কে মন্তব্য করতে গিয়ে বলেন, “The future of man will be a story of the good, the bad and the ugly”।

ডঃ অলিভার ক্যারির মতে, আজ থেকে হাজার বছর পর আমাদের পরবর্তি এই প্রজাতি হবে এখনকার মানুষের চেয়ে উঁচু, দীর্ঘ জীবি এবং যার ফলে কমে আসবে নৃতাত্ত্বিক (racial) পাথর্ক্য। এর পেছনে কারণ হিসেবে যে প্রবনতাগুলো কাজ করবে তা হলো পুষ্টির খাদ্য গ্রহণ, ঔষধ ও আভিবাসন। আজ থেকে হাজার বৎসর পর, ৩০০০ সালে মানুষের গড়পড়তা উচ্চতা হবে ৬ ফুট ৬ ইঞ্চির মতো এবং গড় আয়ু হবে ১২০ বছরের কাছাকাছি। ডঃ ক্যারির মতে, মানুষ তার শারীরিক সক্ষমতার চূড়ায় পৌঁছাবে ৩০০০ সালে। কারণ মানুষ তখন স্পষ্ট ধারণা লাভ করবে তার দেহ সম্পর্কে এবং গ্রহন করবে উন্নত পুষ্টিবিধান। নরনারীর সঙ্গী বাছাইয়ের ক্ষেত্রে শারীরিক বৈশিষ্ট্যতাই মুখ্য হয়ে উঠবে। পুরুষের দৈহিক গঠন হবে অনেক বেশি সুসংগঠিত। তখন পুরুষের গড় উচ্চতা হবে ৬ থেকে ৭ ফুটের মধ্যে। পুরুষের চোয়াল হবে চওড়া এবং গলার স্বর হবে গম্ভীর। মহিলারা হবেন হালকা চামড়া, বড় পরিষ্কার চোখ, সুগঠিত স্তন, বলমলে চুল ও লোমহীন ত্বকের অধিকারী। মানুষে মানুষে শারীরিক রঙ্গের পাথর্ক্য ঘুচে যেতে পারে এবং মানুষের গাঁয়ের রং পেতে থাকবে বাদামী আভা।

তার বিশ্বাস ১২০০০ সালের দিকে মানুষের ভালোবাসা, সহানুভূতি, বিশ্বাস এবং সম্মান করবার ক্ষমতা লোভ পাবে। একই সাথে লোপ পেতে থাকবে মানুষের দলগত ভাবে কাজ করবার ক্ষমতা। প্রক্রিয়াজাত খাদ্য (processed foods) গ্রহনের মাত্রা বেড়ে যাবে, চর্বি জাত খাবারের পরিমাণ কমে যাবার ফলে মানুষের চোয়াল হয়ে যাবে দুর্বল। ঔষধের উপর অতিনির্ভরশীলতার কারণে মানুষের রোগ প্রতিরোধ ক্ষমতা যাবে কমে। ভূমিষ্ঠ শিশুর (Infants) শারীরিক আকৃতি হবে বড়, যার ফলে সন্তান জন্মানের জন্যে গর্ভবতী মায়েদের আশ্রয় নিতে হবে caesarian section এর। মানুষ জেনেটিক ইঞ্জিনিয়ারিং এর সুবিধা নিয়ে ক্রটিপূর্ণ

ডি,এন,এ প্রতিস্থাপন করবে, যার উপর অতিরিক্ত নির্ভরতা তাকে ঠেলে দিতে পারে জেনেটিক সমরুপীয়তার (Genetic Uniformity) দিকে। আর একইরূপ জেনেটিক বৈশিষ্ঠ্যতা ঠেলে দিতে পারে অরক্ষিত রোগের বিস্ফোরনের দিকে।

আরো পরে মানুষ শারিরীক ভাবে দুর্বল হতে থাকবে এবং মানুষের সামাজিক ও পারস্পরিক সম্পর্ক শিথিল হয়ে আসবে। আর এ জন্য দায়ী হবে মানব জীবনের উপর প্রযুক্তি ও চিকিৎসা বিজ্ঞানের উপর অতি প্রভাব। ১০২০০০ সাল নাগাদ মানব প্রজাতি হতে দু'টো ভিন্ন উপ-প্রজাতির সৃষ্টি হতে পারে। এর একটি “genetic haves” এবং অপরটি “genetic have-nots”। প্রযুক্তিগত, জীব বিদ্যা এবং পরিবেশগত বিভিন্ন প্রবনতার বিশ্লেষণের মাধ্যমে এ কথা বলা অসঙ্গত হবে না যে এ ১০২০০০সালের দিকে পৃথিবীর বুকে যে মানবজাতি থাকবে তার সাথে অনেকটাই মিল রয়েছে HG Wells এর বিখ্যাত উপন্যাস “The Time Machine”-এ বর্ণিত মানব জাতির (Eloi ও Morlocks), যা দুভাগে বিভক্ত। এর একভাগ সম্পদশালী জেনেটিক উধব তর শ্রেণী এবং অন্যভাগটি বানর সাদৃশ্য নীচু শ্রেণীর মানুষ। ডঃ ক্যারি মনে করেন এখন থেকে আরো ১০০,০০০ বছর পর মানুষ জাতি দুটো উপ-প্রজাতিতে বিভক্ত হয়ে যাবে, এর জেনেটিক উচ্চ শ্রেণীটি হবে লম্বা, চিকন, পরিষ্কার, স্বাস্থ্যবান ও সৃজনীশক্তির অধিকারী। অন্যদিকে এর নিম্ন শ্রেণীটি হবে খাটো, রোগাগ্রস্থ, নির্বোধ ও থলথলে দেহের অধিকারী।



ক্যারির মতে, মানব সমাজ সম্ভ্রান্ত ও নীচু, ২শ্রেণীতে বিভক্ত হবে।